# পৌরনীতি

## প্রথম পত্র

এইচ এস সি প্রোগ্রাম

## যৌক্তিকতা (Rationale)

পৌরনীতি একজন নাগরিককে তার অধিকার ও কর্তব্য সম্পর্কে সজাগ করে, অধিকার লাভের উদ্দেশ্যে কর্তব্য পালনে উদ্বুদ্ধকরণ গণতন্ত্র, স্বাধীনতা ও সাম্য সম্বন্ধে সচেতন করে এবং মৌলিক নাগরিক অধিকার ও মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল করে। এই শাস্ত্র পরিবেশ, পরিবার, রাষ্ট্র, রাজনৈতিক ব্যবস্থা, সংবিধান ও বিভিন্ন ধরনের সরকার ব্যবস্থার মত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করে যার জ্ঞান সুনাগরিক সৃষ্টির জন্য অপরিহার্য। বস্তুত সুনাগরিক সৃষ্টিতে পৌরনীতির অবদান অনস্বীকার্য। এ কারণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচ এস সি প্রোগ্রামে পৌরনীতিকে একটি আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## সিলেবাস

ইউনিট ১ ঃ পৌরনীতির সংজ্ঞা ও বিষয়বস্তু
ইউনিট ২ ঃ পৌরনীতির সাথে অন্যান্য সামাজিক বিজ্ঞানের সম্পর্ক
ইউনিট ৩ ঃ পরিবার
ইউনিট ৪ ঃ পরিবেশ
ইউনিট ৫ ঃ সমাজ, সামাজিক পরিবর্তন ও সামাজিক মূল্যবোধ
ইউনিট ৬ ঃ জাতি ও জাতীয়তা
ইউনিট ৭ ঃ রাষ্ট্র ও রাজনৈতিক ব্যবস্থা
ইউনিট ৮ ঃ রাষ্ট্রের উৎপত্তি তত্ত্ব
ইউনিট ৯ ঃ রাষ্ট্রের উদ্দেশ্য ও কার্যাবলী
ইউনিট ১০ ঃ সার্বভৌমত্ব
ইউনিট ১১ ঃ আইন, স্বাধীনতা ও সাম্য
ইউনিট ১২ ঃ নাগরিকতা
ইউনিট ১৩ ঃ নাগরিকের অধিকার ও কর্তব্য
ইউনিট ১৪ ঃ মানবাধিকার
ইউনিট ১৫ ঃ সরকারের শ্রেণিবিভাগ
ইউনিট ১৬ ঃ সরকারের অঙ্গসমূহ
ইউনিট ১৭ ঃ ক্ষমতা স্বতন্ত্রীকরণ
ইউনিট ১৮ ঃ বিকেন্দ্রীকরণ
ইউনিট ১৯ ঃ সংবিধান
ইউনিট ২০ ঃ নির্বাচকমন্ডলী ও নির্বাচন
ইউনিট ২১ ঃ রাজনৈতিক দল – সংজ্ঞা ও বৈশিষ্ট্য
ইউনিট ২২ ঃ জনমত ও রাজনৈতিক সংস্কৃতি
ইউনিট ২৩ ঃ আমলাতন্ত্র
ইউনিট ২৪ ঃ নেতৃত্ব

# বিস্তারিত পাঠ্যসূচি

**ইউনিট ১ : পৌরনীতির সংজ্ঞা ও বিষয়বস্তু**
পৌরনীতির সংজ্ঞা ও বিষয়বস্তু, পাঠের প্রয়োজনীয়তা; বাংলাদেশে পৌরনীতি পাঠের গুরুত্ব।

**ইউনিট ২ : পৌরনীতির সাথে অন্যান্য সামাজিক বিজ্ঞানের সম্পর্ক**
পৌরনীতি ও রাষ্ট্রবিজ্ঞান, পৌরনীতি ও অর্থনীতি, পৌরনীতি ও সমাজবিজ্ঞান; পৌরনীতি ও ইতিহাস, পৌরনীতি ও নীতিশাস্ত্র, পৌরনীতি ও ভূগোল, পৌরনীতি ও মনোবিজ্ঞান।

**ইউনিট ৩ : পরিবার**
সংজ্ঞা ও বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ : (১) বংশধারা ভিত্তিক, (২) বিবাহ সংখ্যাভিত্তিক– (ক) এক পত্নীক (খ) বহু পত্নীক, (৩) কাঠামো ভিত্তিক – একক পরিবার, যৌথ পরিবার, অনুপরিবার; পরিবারের উৎপত্তি : ব্যক্তিগত সম্পত্তি ব্যবস্থা, সহযোগিতা, সামাজিকতা ও সভ্যতাবোধ, পরিবার এবং পৌর ও রাষ্ট্রীয় ব্যবস্থা; পরিবারের কার্যাবলী–জৈবিক, অর্থনৈতিক, শিক্ষামূলক, মনস্তাত্ত্বিক, নৈতিক, ধর্মীয়, অবকাশমূলক, সামাজিক ও রাজনৈতিক; ভেঙ্গে পড়া পরিবার ও সামাজিক বিশৃঙ্খলা, ধর্মীয় অনুশাসন সৃষ্টিতে পরিবারের গুরুত্ব এবং পরিবারের ভেঙ্গে পড়া প্রতিরোধের উপায়; পরিবার ও মানবিক মূল্যবোধ, রাজনৈতিক সামাজিকীকরণ।

**ইউনিট ৪ : পরিবেশ**
সংজ্ঞা ও অর্থ, বিভিন্ন রূপ : প্রাকৃতিক, সামাজিক ও রাজনৈতিক পরিবেশ; সামাজিক পরিবেশ : কৃত্রিম, সাংস্কৃতিক, মনস্তাত্ত্বিক, প্রকৌশল ও প্রযুক্তিগত; প্রাকৃতিক পরিবেশ : দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিরূপ অবস্থা এবং হুমকির স্বরূপ, প্রাকৃতিক পরিবেশ রক্ষা – নাগরিকমণ্ডলী, সরকার, রাষ্ট্র ও আন্তর্জাতিক সমাজের দায়-দায়িত্ব; রাজনৈতিক পরিবেশ : বিশৃঙ্খলা ও অস্থিতিশীলতার উৎসসমূহ, নেতিবাচক ও ক্ষতিকারক দিকসমূহ, রাজনৈতিক পরিবেশের স্থিতিশীলতা ও রাষ্ট্রীয় উন্নয়ন; জনজীবন ও রাষ্ট্রীয় পরিমণ্ডলে বিভিন্ন ধরনের পরিবেশের প্রভাব।

**ইউনিট ৫ : সমাজ, সামাজিক পরিবর্তন ও সামাজিক মূল্যবোধ**
সমাজ - সমাজের বৈশিষ্ট্য ও উদ্দেশ্য, মানুষের সমাজে বাস করার কারণ, সমাজের ক্রমবিকাশ– পরিবার, গোষ্ঠী, উপজাতি, ধর্মের বন্ধন, অর্থনৈতিক চেতনা ও রাজনৈতিক চেতনা, ব্যক্তি ও সমাজের পারস্পরিক সম্পর্ক; সামাজিক পরিবর্তন– অর্থ ও প্রকৃতি, সামাজিক পরিবর্তনের বিভিন্ন কারণ : (১) প্রাকৃতিক, (২) অর্থনৈতিক, (৩) রাজনৈতিক, (৪) ধর্মীয়, (৫) সাংস্কৃতিক, (৬) সংস্কার ও বিপ্লব, (৭) যান্ত্রিক, প্রযুক্তিগত ও বৈজ্ঞানিক, (৮) চিন্তা ও বুদ্ধিবৃত্তির প্রভাব এবং (৯) ব্যক্তির ভূমিকা; সামাজিক পরিবর্তনের অনুসঙ্গ : শিক্ষা ও সামাজিক পরিবর্তন, ধর্ম ও সামাজিক পরিবর্তন, রেনেসাঁ ও সামাজিক পরিবর্তন, শিল্পায়ন ও সামাজিক পরিবর্তন, নেতৃত্ব ও সামাজিক পরিবর্তন; সামাজিক মূল্যবোধের সংজ্ঞা, বৈশিষ্ট্য এবং ভিত্তি বা উপাদান– নীতি ও ঔচিত্যবোধ, সামাজিক ন্যায়বিচার, শৃঙ্খলাবোধ, সহনশীলতা, সহমর্মিতা, শ্রমের মর্যাদা, আইনের শাসন, নাগরিক সচেতনতা ও কর্তব্যবোধ, সরকার ও রাষ্ট্রের জনকল্যাণমুখীতা, দায়-দায়িত্ব ও জবাবদিহিতা।

**ইউনিট ৬ : জাতি ও জাতীয়তা**
জাতির সংজ্ঞা, জাতীয়তার সংজ্ঞা, জাতি ও জাতীয়তার পার্থক্য, জাতীয় রাষ্ট্র; জাতীয়তার উপাদানসমূহ : বংশগত ঐক্য, ভাষা, সাহিত্য ও সাংস্কৃতিক ঐক্য, আচরণ ও রীতিনীতিগত ঐক্য, ধর্মীয় ঐক্য, ইতিহাস ও ঐতিহ্যের ঐক্য, রাজনৈতিক ও অর্থনৈতিক আকাঙ্ক্ষার ঐক্য, মনস্তাত্ত্বিক ঐক্য ও একত্ববোধ; জাতীয়তার দ্বি-মাত্রা : নৃতাত্ত্বিক ও রাজনৈতিক-রাষ্ট্রিক, বাঙালি জাতীয়তা ও বাংলাদেশী জাতীয়তা– ইতিবাচক সমন্বয়।

**ইউনিট ৭ : রাষ্ট্র ও রাজনৈতিক ব্যবস্থা**

রাষ্ট্রের সংজ্ঞা ও উপাদান; রাষ্ট্র ও সমাজ, রাষ্ট্র ও অন্যান্য সংঘ; নিম্নলিখিতগুলো রাষ্ট্র কিনা তা ব্যাখ্যা করা : যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহ, ব্রিটিশ ডোমিনিয়নসমূহ, ব্রিটিশ কমনওয়েলথ, জাতিসংঘ, জি৮, আসিয়ান, সার্ক, ও.আই.সি এবং ওপেক; রাজনৈতিক ব্যবস্থা : রাজনৈতিক ব্যবস্থার সংজ্ঞা, রাজনৈতিক ব্যবস্থার সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক ও পার্থক্য।

**ইউনিট ৮ : রাষ্ট্রের উৎপত্তি তত্ত্ব**

রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত বিভিন্ন মতবাদ : ঐশ্বরিক, পিতৃতান্ত্রিক ও মাতৃতান্ত্রিক মতবাদ; বলপ্রয়োগ তত্ত্ব : মার্কসীয় মতবাদ ও ম্যাক্সওয়েবারীয় চিন্তা; সমাজ চুক্তি মতবাদ : হবস, লক, রুশো; ঐতিহাসিক বা বিবর্তনমূলক মতবাদ; রাষ্ট্র–বলপ্রয়োগ ও সম্মতির সমন্বয়।

**ইউনিট ৯ : রাষ্ট্রের উদ্দেশ্য ও কার্যাবলী**

রাষ্ট্রের উদ্দেশ্য, সামাজিক ও রাজনৈতিক ব্যবস্থাভেদে রাষ্ট্রের উদ্দেশ্যের ভিন্নতা – রাজতান্ত্রিক, পুঁজিবাদী, সমাজতান্ত্রিক, সামরিক ও ধর্মতান্ত্রিক; রাষ্ট্রের কার্যাবলী : অপরিহার্য, ঐচ্ছিক ও কল্যাণমূলক; রাষ্ট্রের কার্যাবলী সংক্রান্ত মতবাদ : স্বাতন্ত্র্যবাদ, নৈরাজ্যবাদ, সমাজতন্ত্র, মিশ্র অর্থনীতি – এগুলোর বৈশিষ্ট্য এবং পক্ষে-বিপক্ষে যুক্তি; কল্যাণমূলক রাষ্ট্রের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিকাশ প্রক্রিয়া, বাংলাদেশ রাষ্ট্রের স্বরূপ।

**ইউনিট ১০ : সার্বভৌমত্ব**

সার্বভৌমত্ব– সংজ্ঞা ও ধারণার বিকাশ, সার্বভৌমত্বের বৈশিষ্ট্য, সার্বভৌমত্বের বিভিন্ন দিক : অভ্যন্তরীণ ও বাহ্যিক, নামসর্বস্ব ও কার্যকর, আইনগত ও রাজনৈতিক; সার্বভৌমত্বের একত্ববাদী এবং বহুত্ববাদী তত্ত্ব; সার্বভৌমত্বের ধারণা – হবস, লক, রুশো, বদিন, অষ্টিন, লাস্কি; প্রকৃত গণতন্ত্রে সার্বভৌমত্বের স্বরূপ, জনগণের সার্বভৌমত্ব, রাষ্ট্র পরিচালনায় গণসম্পৃক্ততা ও সরকারের জবাবদিহিতা।

**ইউনিট ১১ : আইন, স্বাধীনতা ও সাম্য**

আইনের সংজ্ঞা ও অর্থ, বৈশিষ্ট্য, উৎস, শ্রেণিবিভাগ, আইন ও নৈতিকতা, আইন ও রাষ্ট্রের সম্পর্ক; আইন মান্য করার কারণ, আইন ও সামাজিক পরিবর্তন, যথার্থ আইনের শাসন, নাগরিক অধিকার ও প্রকৃত গণতন্ত্র, স্বাধীনতার সংজ্ঞা, স্বাধীনতার বিভিন্ন রূপ, রক্ষাকবচ এবং আইন ও স্বাধীনতার সম্পর্ক, স্বাধীনতা ও গণতন্ত্র; স্বাধীনতা এবং নাগরিক ও সরকারের দায়িত্বশীলতা; সাম্য– সংজ্ঞা ও অর্থ, সাম্যের বিভিন্নরূপ, সমাজভেদে সাম্যচেতনার বিভিন্নতা, সাম্য ও গণতন্ত্র।

**ইউনিট ১২ : নাগরিকতা**

নাগরিকতার অর্থ, সংজ্ঞা, নাগরিক ও প্রজা, নাগরিক ও দেশবাসী, নাগরিক ও বিদেশী; নাগরিকতা অর্জনের পদ্ধতি– (১) জন্মসূত্রে নাগরিকতা অর্জন– (ক) জন্মস্থান নীতি (খ) জন্মনীতি (২) অনুমোদন সূত্রে নাগরিকতা অর্জন, (৩) যুদ্ধের পরিণতিতে এবং চুক্তির বলে নাগরিকতা অর্জন, (৪) রাজনৈতিক ও অনুমোদন সূত্রে নাগরিকের মর্যাদার ভিন্নতা, দ্বৈত নাগরিকতা– নাগরিকতার বিলোপ, নাগরিকের রাষ্ট্রহীনতা; বাংলাদেশের নাগরিকতা– সংবিধানের ব্যাখ্যা, নাগরিকতা অর্জন ও বিলোপ প্রসঙ্গ, দ্বৈত নাগরিকতা; সুনাগরিকের গুণাবলি, সুনাগরিকের প্রতিবন্ধকতা, সুনাগরিকতার প্রতিবন্ধকতা দূরীকরণের উপায়।

**ইউনিট ১৩ : নাগরিকের অধিকার ও কর্তব্য**

অধিকারের সংজ্ঞা, অর্থ ও বৈশিষ্ট্য, অধিকারের শ্রেণিবিভাগ : রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও ব্যক্তিক অধিকার; নৈতিক ও আইনগত অধিকারের সম্পর্ক, সামাজিক ও রাজনৈতিক অধিকারের সম্পর্ক, অর্থনৈতিক ও রাজনৈতিক অধিকারের সম্পর্ক, ধর্মীয় ও রাজনৈতিক অধিকারের সম্পর্ক; অধিকারের রক্ষাকবচ; নাগরিকের কর্তব্য : অর্থ ও গুরুত্ব, কর্তব্যের শ্রেণিবিভাগ–

সামাজিক কর্তব্য, রাজনৈতিক কর্তব্য, অর্থনৈতিক কর্তব্য, অন্যান্য কর্তব্য, অধিকার ও কর্তব্যের সম্পর্ক, বাংলাদেশে নাগরিক অধিকার অর্জনে বাস্তব বাধাসমূহ এবং সেগুলো দূরীকরণের উপায়।

**ইউনিট ১৪ : মানবাধিকার**

মানবাধিকারের সংজ্ঞা, ব্যাখ্যা ও স্বরূপ, মৌলিক অধিকার ও মানবাধিকারের সম্পর্ক, মানবাধিকার ও আর্থ-সামাজিক সাম্য; জাতিসংঘ স্বীকৃত মৌলিক মানবাধিকার, মানবাধিকার সংক্রান্ত সাধারণ নীতিসমূহ; বাংলাদেশ সংবিধান : মৌলিক নাগরিক অধিকার ও মানবাধিকার।

**ইউনিট ১৫ : সরকারের শ্রেণিবিভাগ**

প্রাচীন শ্রেণিবিভাগ– এ্যারিস্টটলের মতবাদ; আধুনিক শ্রেণিবিভাগ– গণতন্ত্র, প্রজাতন্ত্র, একনায়কতন্ত্র; সংসদীয় ও রাষ্ট্রপতি শাসিত; এককেন্দ্রিক ও যুক্তরাষ্ট্রীয়; রাজতান্ত্রিক সরকার, পুঁজিবাদী সরকার, সমাজতান্ত্রিক সরকার, সামরিক সরকার, ধর্মতান্ত্রিক সরকার; বিভিন্ন ধরনের সরকারের পারস্পরিক তুলনা, বিভিন্ন ধরনের সরকারের দোষ-গুণ।

**ইউনিট ১৬ : সরকারের অঙ্গসমূহ**

সরকারের অঙ্গসমূহ– আইন, শাসন ও বিচার বিভাগ, আইন বিভাগ– অর্থ, প্রকৃতি ও তাৎপর্য; আইন বিভাগের সংগঠনের বিভিন্ন মাত্রা, এক কক্ষ ও দ্বি-কক্ষ বিশিষ্ট আইন সভা– পক্ষে ও বিপক্ষে যুক্তি; আইন সভার কার্যাবলী, গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় আইন সভার ভূমিকা, আইন সভার ক্ষমতা হ্রাসের কারণ; শাসন বিভাগ সংগঠনের বিভিন্ন মাত্রা–নামমাত্র ও প্রকৃত, নিয়মতান্ত্রিক, রাজনৈতিক, ধর্মতান্ত্রিক, সংসদীয় ও রাষ্ট্র প্রধান শাসিত, একক ও সমষ্টিগত; সমাজতন্ত্র; একনায়কতন্ত্র ও সামরিকতন্ত্রের শাসন বিভাগের সংগঠন; শাসন বিভাগের কার্যাবলী, শাসন বিভাগের ক্ষমতা বৃদ্ধির কারণ, শাসন বিভাগের নিয়ন্ত্রণ, জবাবদিহিতা ও স্বচ্ছতা; বিচার বিভাগ– অর্থ, প্রকৃতি ও গুরুত্ব, বিচার বিভাগের সংগঠন, বিচারক নিয়োগের পদ্ধতি; বিচার বিভাগের কার্যাবলী, বিচার বিভাগীয় ব্যাখ্যা এবং সংবিধান; বিচার বিভাগ ও ব্যক্তি স্বাধীনতা, এর গুরুত্ব স্বাধীনতা রক্ষার উপায়; প্রশাসন থেকে বিচার বিভাগের পৃথকীকরণ, বিচার বিভাগের দায়িত্বশীলতা, জবাব দিহিতা ও ন্যায়নিষ্ঠা।

**ইউনিট ১৭ : ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি**

ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি - তাত্ত্বিক ব্যাখ্যা : ক্ষমতা স্বতন্ত্রকরণ নীতির প্রবক্তাগণ ও তাঁদের মতামত– এ্যারিস্টটল, পাদুয়ার মার্সিলিও, জীব বদিন, মন্টেস্কু; ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি ও ভারসাম্য নীতি। বাংলাদেশে ক্ষমতা স্বতন্ত্রীকরণ।

**ইউনিট ১৮ : বিকেন্দ্রীকরণ**

বিকেন্দ্রীকরণ– সংজ্ঞা, প্রকারভেদ, গুরুত্ব ও তাৎপর্য; বিকেন্দ্রীকরণের পক্ষে ও বিপক্ষে যুক্তি।

**ইউনিট ১৯ : সংবিধান**

সংবিধান– সংজ্ঞা ও অর্থ, উৎসসমূহ, সংবিধান প্রতিষ্ঠার পদ্ধতিসমূহ; সংবিধানের শ্রেণিবিভাগ : লিখিত ও অলিখিত, সুপরিবর্তনীয় ও দুষ্পরিবর্তনীয়, সুপরিবর্তনীয় ও দুষ্পরিবর্তনীয় সংবিধানের পার্থক্য এবং এদের গুণ ও ত্রুটিসমূহ; সাংবিধানিক সরকার, উত্তম সংবিধানের বৈশিষ্ট্য, সংবিধান ও গণতন্ত্র, গণতন্ত্র এবং বাংলাদেশ সংবিধানের সমস্যা ও প্রকৃতি।

**ইউনিট ২০ : নির্বাচকমণ্ডলী ও নির্বাচন**

নির্বাচন, নির্বাচনী এলাকা, নির্বাচন কমিশন, নির্বাচনী তফসিল, নির্বাচন প্রক্রিয়া, নির্বাচনী প্রচার ও অংশগ্রহণ, ভোট ও ভোটাধিকার, ব্যালট পেপার বা নির্বাচনী পত্রী; নির্বাচকমণ্ডলী– সংজ্ঞা, নির্বাচকমণ্ডলীর গুরুত্ব ও কার্যাবলী, ভোটাধিকারের ভিত্তি, সীমিত ভোটাধিকার, সম্পত্তি ভিত্তিক

ভোটাধিকার, নারী ভোটাধিকার, সর্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকার : অর্থ এবং পক্ষে-বিপক্ষে যুক্তি; প্রত্যক্ষ ও পরোক্ষ নির্বাচন– এদের দোষগুণ : ভোট দান পদ্ধতি – প্রকাশ্য ও গোপন; যুক্ত নির্বাচন, পৃথক নির্বাচন, আঞ্চলিক প্রতিনিধিত্ব, পেশাগত প্রতিনিধিত্ব, সমানুপাতিক প্রতিনিধিত্ব, বিভিন্ন ধরনের প্রতিনিধিত্বের দোষ-গুণ; বাংলাদেশে প্রতিনিধিত্বের দৌর্বল্য এবং প্রতিনিধিত্বের জনবিচ্ছিন্নতা ও ব্যর্থতা, প্রতিনিধিত্বের উপর নির্বাচকমণ্ডলীর নিয়ন্ত্রণ, উত্তম নির্বাচন ব্যবস্থা ও উত্তম নির্বাচন অনুষ্ঠানের শর্তাদি; উত্তম নির্বাচন : নির্বাচন কমিশনের দায়-দায়িত্ব, সরকারের দায়-দায়িত্ব, বিরোধীদের দায়-দায়িত্ব, বিচারালয়ের দায়-দায়িত্ব, ভোটার ও জনগণের দায়-দায়িত্ব, বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা, নির্বাচন কমিশন ও সুষ্ঠু নির্বাচনের সমস্যা।

**ইউনিট ২১ : রাজনৈতিক দল- সংজ্ঞা ও বৈশিষ্ট্য**

রাজনৈতিক দল ও উপদল, রাজনৈতিক দল ও চাপসৃষ্টিকারী গোষ্ঠী, শ্রেণিযন্ত্র হিসেবে রাজনৈতিক দল, স্বার্থ একত্রীকরণকারী হিসেবে রাজনৈতিক দল; রাজনৈতিক দল ও রাজনৈতিক সামাজিকীকরণ : গণতন্ত্রে রাজনৈতিক দলের গুরুত্ব, সমাজতন্ত্রে রাজনৈতিক দলের গুরুত্ব, রাজনৈতিক দলের কার্যাবলী; রাজনৈতিক দলের বিভিন্নরূপ : একদলীয় ব্যবস্থা –এর দোষ-গুণ, দ্বি-দলীয় ব্যবস্থা –এর দোষ-গুণ, বহুদলীয় ব্যবস্থা –এর দোষ-গুণ; দ্বি-দলীয় ও বহুদলীয় ব্যবস্থার তুলনা, গণতন্ত্রে রাজনৈতিক দলের সাফল্যের শর্তাবলী, বাংলাদেশে রাজনৈতিক দলের সমস্যাবলী।

**ইউনিট ২২ : জনমত ও রাজনৈতিক সংস্কৃতি**

জনমতের অর্থ, সংজ্ঞা ও বৈশিষ্ট্য, জনমত সংগঠনের মাধ্যম, গণতন্ত্রে জনমতের গুরুত্ব, সুষ্ঠু জনমত গঠনের শর্তাবলী; রাজনৈতিক সংস্কৃতি– অর্থ, সংজ্ঞা ও বৈশিষ্ট্য, জনমত ও রাজনৈতিক সংস্কৃতির তুলনা, সম্পর্ক ও পার্থক্য, রাজনৈতিক সংস্কৃতি ও রাজনৈতিক দল, রাজনৈতিক সংস্কৃতি ও গণতন্ত্র।

**ইউনিট ২৩ : আমলাতন্ত্র**

আমলাতন্ত্র– সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য, আমলাতন্ত্রের সদস্যদের নিয়োগ, প্রশিক্ষণ ও চাকরির শর্ত, আমলাতন্ত্রের কার্যাবলী, আদর্শ আমলাতন্ত্র, আমলাতন্ত্র এবং জনবিচ্ছিন্নতা ও লালফিতা; আমলাতন্ত্র ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া, বাংলাদেশে আমলাতান্ত্রিক সমস্যা, বাংলাদেশে আমলাতন্ত্রের অতিবিকাশ; বাংলাদেশে আমলাতন্ত্র জনপ্রভু না প্রজাতন্ত্রের বেতনভুক সেবক কর্মচারী, আমলাতন্ত্রের রাজনৈতিক অধীনস্থতা, জননিয়ন্ত্রণ ও গণতন্ত্র।

**ইউনিট ২৪ : নেতৃত্ব**

নেতৃত্ব– অর্থ, সংজ্ঞা, নেতৃত্বের গুরুত্ব, প্রকারভেদ ও বৈশিষ্ট্য; নেতৃত্বের প্রয়োজনীয় গুণাবলি, নেতৃত্ব ও জনরায়; নেতৃত্ব এবং আইনগত, রাজনৈতিক ও নৈতিক বৈধতা; নেতৃত্ব এবং অনুসারী ও জনগণ, নেতৃত্ব ও রাজনৈতিক দল; নেতৃত্ব ও রাষ্ট্রনায়কত্ব, নেতৃত্বের দায়-দায়িত্ব ও জবাবদিহিতা।

**মান বন্টন**

- ☞ রচনামূলক প্রশ্নের উত্তর দিতে হবে ৫টি — ৫×১৫=৭৫
- ☞ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে — ৫×৫=২৫

# নমুনা প্রশ্ন

## পৌরনীতি প্রথম পত্র

### বিষয় কোড ঃ HSC 1804

এইচ এস সি প্রোগ্রাম

সময়- ৩ ঘন্টা পূর্ণমান- ১০০

### ক বিভাগ - রচনামূলক

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন ১৫×৫=৭৫

১। পৌরনীতির সংজ্ঞা দিন। পরিবার বলতে কি বুঝায়? পরিবারের বৈশিষ্ট্যগুলো আলোচনা করুন।

২। জাতির সংজ্ঞা দিন। জাতীয়তা গঠনের উপাদানগুলো আলোচনা করুন।

৩। রাষ্ট্রের উপাদানগুলোর বিবরণ দিন। বৃটিশ ডোমিনিয়নসমূহ এবং সার্ক রাষ্ট্র কিনা ব্যাখ্যা করুন।

৪। সার্বভৌমত্ব কি? জনগণের সার্বভৌমত্ব বলতে কি বুঝায়? রাষ্ট্র পরিচালনায় গণসম্পৃক্ততার মাধ্যমে কিভাবে সরকারের জবাবদিহিতা নিশ্চিত হয়।

৫। জনগণের স্বাধীনতার রক্ষাকবচগুলো সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

৬। আইন কি? আইনের উৎসগুলো আলোচনা করুন।

৭। অধিকারের রক্ষাকবচ হিসেবে আইন ও গণতন্ত্রের প্রয়োজনীয়তা কি? বাংলাদেশে নাগরিক অধিকার অর্জনের ক্ষেত্রে সম্ভাব্য বাধাসমূহ আলোচনা করুন।

৮। গণতন্ত্রের সংজ্ঞা দিন। সংসদীয় সরকার বলতে কি বুঝায়। সংসদীয় সরকারের গুণগুলো আলোচনা করুন।

৯। সংবিধানের শ্রেণিবিভাগ বর্ণনা করুন। উত্তম সংবিধানের বৈশিষ্ট্য আলোচনা করুন।

১০।আমলাদের রাজনৈতিক অধীনস্থতার প্রয়োজনীয়তা আলোচনা করুন। আমলাতন্ত্রের জনবিচ্ছিন্নতা ও লালফিতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিন।

### খ বিভাগ

(যেকোনো ৫টি প্রশ্নের উত্তর দিন) ৫×৫=২৫

১। 'পৌরনীতি ও অর্থনীতি পরস্পর পরিপূরক' - ব্যাখ্যা করুন।

২। শিক্ষা কিভাবে সামাজিক পরিবর্তন ঘটায়?

৩। জাতি ও জাতীয়তার পার্থক্য দেখান।

৪। হব্সের মতে প্রকৃতির রাজ্য কেমন ছিল?

৫। মিশ্র অর্থনীতি কি?

৬। মৌলিক অধিকার ও মানবাধিকারের সম্পর্ক কি?

৭। সংসদীয় সরকার বলতে কি বোঝায়?

৮। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কি?

৯। বিকেন্দ্রীকরণ কাকে বলে?

১০।নির্বাচকমণ্ডলী কি?